

(প্রেস বিজ্ঞপ্তি)

২৬ ডিসেম্বর ২০২২ খ্রি.

গাহস্থ অর্থনীতি চসিক কলেজ পরিচালনা পরিষদের সভায় মেয়র

## মান সম্মত শিক্ষায় প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকদের গুরুত্ব দেয়া হবে

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, টেকসই উন্নয়নের অভিষ্ঠ লক্ষ্যমাত্রা অর্জনে মানসম্মত শিক্ষার জন্য পেশাদার ও প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক দরকার। আধুনিক বিজ্ঞান মনস্ক, অসম্প্রদায়িক শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার দিকে শিক্ষক সমাজকে মনেযোগি হতে হবে। অন্যদিকে ছাত্র-ছাত্রীদের কারিগরি ও গাহস্থ অর্থনীতি শিক্ষা প্রদানে সমাজ উন্নয়ন তরান্বিত হবে। আজ সোমবার সকালে তাঁর দপ্তরে গাহস্থ অর্থনীতি সিটি করপোরেশন কলেজ পরিচালনা পরিষদের সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।

চসিক শিক্ষা কর্মকর্তা উজালা রাণী চাকমার সঞ্চালনায় সভায় স্বাগত বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ ও গাহস্থ অর্থনীতি চসিক কলেজ পরিচালনা পরিষদের সদস্য সচিব আলম আখতার। আরো বক্তব্য রাখেন সংরক্ষিত কাউন্সিলর শাহনুর বেগম, পরিচালনা পরিষদের সদস্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর সিরাজ উদ দৌল্লা, সদস্য মো. আজগর হাসান চৌধুরী, মো. ইসহাক, সহকারী অধ্যাপক মো. ওসমান গণি, প্রভাষক নাজনীন লতিফ, সেলিম রেজা প্রমুখ। মেয়র কলেজের সার্বিক উন্নয়নের আশ্বাস দিয়ে বলেন, চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, এবং গাহস্থ অর্থনীতি সম্পর্কে জনসাধারণকে অবহিত করতে হবে। তিনি কলেজকে সাবলম্বী করার জন্য সংশ্লিষ্টদের খালি জায়গায় আয়বর্ধক প্রকল্প গ্রহণের নির্দেশনা দেন।

### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি করপোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩